

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 02 April, 2025

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বলেছেন, নতুন দল এনসিপির ছাত্র সংগঠনকে আমরা কখনও কটু কথা বলিনি। তাদের যাত্রায় আমরা আনুষ্ঠানিকভাবে শুভকামনা জানিয়েছি। সকল ছাত্র সংগঠনের প্রতি আমাদের শুভকামনা অব্যাহত থাকবে। কিন্তু যারা প্রকাশ্যে রাজনীতি না করে গুপ্ত রাজনীতি করে ষড়যন্ত্রের মাধ্যমে পেছনের দরজা দিয়ে ক্ষমতায় যেতে চায় তাদের প্রতি আমাদের শুভকামনা নেই। যারা বাংলাদেশের স্বাধীনতা সার্বভৌমত্বকে ধারণ করে, গণতন্ত্রকে ধারণ করে তাদের জন্য আমাদের সবসময় শুভকামনা থাকবে। সকল ক্যাম্পাসে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আমাদের ছাত্র রাজনীতি ধারাবাহিকতা থাকবে।

ঈদে ময়মনসিংহ সফর উপলক্ষে তার নিজ বাড়ি মুক্তাগাছায় যাওয়ার পথে নগরীর নতুন বাজার মোড়ে ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে গতকাল তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, কোন ক্যাম্পাসে সন্ত্রাস থাকবে না, আধিপত্য থাকবে না, সাধারণ শিক্ষার্থীরা নির্ভয়ে রাজনীতি প্রভাবমুক্ত হয়ে প্রতিটি ক্যাম্পাসে বিচরণ করবে এবং তাদের পাশে ছাত্রদলের নেতাকর্মীরা ভাই ও বোন হিসেবে তাদের পাশে থাকবে। মঙ্গলবার বিকেলে ময়মনসিংহে সফর উপলক্ষে তাঁর নিজ বাড়ি মুক্তাগাছায় যাওয়ার পথে নগরীর নতুন বাজার মোড়ে ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

এর আগে তাকে নগরীর মাসকান্দা থেকে মোটরসাইকেল শোভাযাত্রায় নেতাকর্মীরা বরণ করে নেয়। পরে ময়মনসিংহে পৌঁছলে তাকে ফুল দিয়ে সংবর্ধনা জানায় বাকুবি ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক তুষার, ছাত্রদল নেতা আজমাইন, ফুয়াদ, পলাশের নেতৃত্বে বাকুবির বিভিন্ন হলের নেতাকর্মীরা। অপর দিকে বাকুবি ছাত্রদলের সদস্য সচিব শফিক, সদস্য স্বপ্নালের নেতৃত্বে বেলতলী এলাকায় ছাত্রদল সভাপতি কে সংবর্ধনা জানানো হয়।

ছাত্রদল এনসিপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:29

URL: <https://www.timestodaybd.com/campus/225775807>